রেজিস্টার্ড নং ডি এ-১

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ/২ শ্রাবণ ১৪১৯ বঙ্গাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭১.১১.০০২.১০-৭৪১—এস, আর, ও নং ১৮৯-আইন/২০০৬ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১ নং আইন) এর ধারা ২১-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করলেন ঃ

উপরি-উক্ত বিধিমালার—

১. বিধি ১-এর সংক্ষিপ্ত শিরোনাম-এ উল্লিখিত "বেসরকারি শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬" শব্দগুলির পরিবর্তে "বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২. এই বিধিমালার শিরোনাম ইত্যাদিসহ সর্বত্র—

(ক) "বেসরকারী" শব্দটি "বেসরকারি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(খ) "সরকারী" শব্দটি "সরকারি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(গ) "আপাততঃ" শব্দটি "আপাতত" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(ঘ) "মৌলভী" শব্দটি "মৌলবি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(ঙ) "শর্তাবলী" শব্দটি "শর্তাবলি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(চ) "অন্ততঃ" শব্দটি "অন্তত" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;



মূল্য ঃ টাকা ২৪.০০

(ছ) "মাদ্রাসা" শব্দটি "মাদরাসা" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(জ) "আরবী" শব্দটি "আরবি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(ঝ) "মেয়াদী" শব্দটি "মেয়াদি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(ঞ) "চাকুরী" শব্দটি "চাকুরি " শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(ট) "ইংরেজী" শব্দটি "ইংরেজি" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে;

(ঠ) "ফৌজদারী" শব্দটি "ফৌজদারি " শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৩. বিধি ২ এর (ড) উপ-বিধির তৃতীয় লাইনে "বং" অংশটি "এবং" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৪. বিধি ২ এর '(ড)' উপ-বিধির পর নিম্নরূপ একটি নতুন (ঢ) উপ-বিধি সংযোজিত হইবে—

"(ঢ) "শিক্ষক" অর্থ শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক;"

৫. বিধি ৩-এর (২) উপ-বিধির ১ম লাইনে থাকা 'সিলেট' শব্দটির পরে "রংপুর" শব্দটি অন্তর্ভুক্ত হইবে।

৬. বিধি ৩-এর (৩) উপ-বিধি এর পরিবর্তে উপ-বিধি (৩) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(৩) শিক্ষক হিসেবে নিবন্ধন ও প্রত্যয়নের যোগ্যতা নিরূপণের জন্য প্রতিটি বিষয়ে নৈর্ব্যক্তিক বা রচনামূলক অথবা নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের সমন্বয়ে লিখিত পরীক্ষা গ্রহণ করিতে হইবে।"

৭. বিধি ৩-এর (৪) উপ-বিধির তৃতীয় লাইনের "দুইটি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় এবং" শব্দগুলির পরিবর্তে "একটি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এবং শিক্ষা মন্ত্রণালয় ও এনটিআরসিএ এর ওয়েবসাইটে প্রচার করিতে হইবে।" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮. বিধি ৩-এর (৫) উপ-বিধির পর নিম্নোক্ত একটি নতুন (৬) উপ-বিধি সংযোজিত হইবে। "সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে, কর্তৃপক্ষ, কর্তৃপক্ষের অধীনে গঠিত সিলেবাস প্রণয়ন/ হালনাগাদকরণ সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটির সুপারিশক্রমে শিক্ষক নিবন্ধন পরীক্ষার মোট নম্বর, শিক্ষার ধারা ও স্তর (Stream and Level)-ভিত্তিক পরীক্ষার বিষয়সমূহ, পরীক্ষার অংশ (আবশ্যিক, ঐচ্ছিক), সংশ্লিষ্ট বিষয়ের পূর্ণমান, বিষয়বস্তু (Content), প্রশ্নপত্রের মান (Standard), রূপরেখা, ধারা, মানবণ্টন/নম্বর বিন্যাস ইত্যাদি সম্বলিত যথোপযুক্ত পরীক্ষার সিলেবাস প্রণয়ন, উন্নয়ন ও হালনাগাদ করিতে পারিবে।"

৯. বিধি ৫-এর (১) উপ-বিধির তৃতীয় লাইনের, "কর্তৃপক্ষের সচিব বরাবরে" এবং চতুর্থ লাইনের "উক্ত নির্ধারিত" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী" এবং "নির্দেশনায় উল্লিখিত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০. বিধি ৫-এর (২) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"একজন প্রার্থীকে, তিনি দ্বিতীয় তফসিলের কলাম (২) এ উল্লিখিত যে পদের জন্য নিবন্ধিত হইতে ইচ্ছুক আবেদনপত্রে তাহা উল্লেখ করিতে হইবে।"

১১. বিধি ৫-এর (৩) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"(৩) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে (ম্যানুয়েল/অনলাইন) প্রথম তফসিলে উল্লিখিত ফিস এর বিনিময়ে রশিদ/প্রমাণপত্র গ্রহণের মাধ্যমে আবেদন করিতে হইবে। তবে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে ফিস এর খাত ও টাকার পরিমাণ পরিবর্তন করিতে পারিবে।"

১২. বিধি ৫-এর (৪) উপ-বিধির প্রথম লাইনের, "অংগ্রহণের" শব্দটি "অংশগ্রহণের" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং শেষ লাইনের পর "তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আবেদন ফরম এর পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করিতে পারিবে।" বাক্যটি সংযোজিত হইবে।

১৩. বিধি ৫-এর (৫) (ক) উপ-বিধিতে, "(ক) পাসপোর্ট সাইজের চার কপি" শব্দগুলির পরিবর্তে "(ক) পাসপোর্ট সাইজের এক কপি" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

১৪. বিধি ৫-এর (৫)(খ) উপ-বিধির শেষে "অথবা National ID Card-এর সত্যায়িত অনুলিপি" বাক্যাংশটি সংযোজিত হইবে।

১৫. বিধি ৫-এর (৫)(গ) উপ-বিধিটি নিম্নরূপে পুনর্গঠিত হইবে ঃ

"(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং নম্বরপত্রের কপি;"

১৬. বিধি ৫-এর (৫)(ঘ) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"কর্তৃপক্ষের অনুকূলে, প্রথম তফসিলে উল্লিখিত পরিশোধিত অর্থের রসিদ অথবা কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা অর্থ পরিশোধের অন্য কোন প্রমাণপত্র।"

১৭. বিধি ৫ এর (৬) উপ-বিধির পর নিম্নবর্ণিত (৭) উপ-বিধি সংযোজিত হইবে ঃ

"(৭) আবেদনপত্র দাখিল ও বাছাই, প্রবেশপত্র তৈরি ও বিতরণ, পরীক্ষা গ্রহণ, ফলাফল তৈরি, নিবন্ধন, প্রত্যয়নপত্র বিতরণ ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কর্তৃপক্ষ তাহার শিক্ষক নিবন্ধন পরীক্ষা পরিচালন ব্যবস্থা, নিবন্ধন, প্রত্যয়ন ও শিক্ষকপুল/ডাটাবেজ তৈরিসহ কর্তৃপক্ষের সামগ্রিক ব্যবস্থাপনায় যুগোপযোগী আধুনিক তথ্য প্রযুক্তিভিত্তিক পদ্ধতি প্রবর্তন করিতে পারিবে।"

১৮. বিধি ৬-এর শেষাংশে 'রেজিস্টার' শব্দটির পরে "/ডাটাবেজ" শব্দটি অন্তর্ভুক্ত হইবে।

১৯. বিধি ৭-এর (১) উপ-বিধি, "(১) কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের তারিখের যুক্তিসঙ্গত সময়ের পূর্বে বিধি ৬-এ উল্লিখিত রেজিস্টার/ডাটাবেজে অন্তর্ভুক্ত/সংরক্ষিত বৈধ প্রার্থীগণের অনুকূলে প্রার্থীর রোল নম্বর, পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান উল্লেখ-সম্বলিত প্রবেশপত্র প্রদানের ব্যবস্থা করিবে।" দ্বারা পতিস্থাপিত হইবে।

২০. বিধি ৭-এর (২) উপ-বিধিটি বিলুপ্ত হইবে।

২১. বিধি ৮-এর (১) উপ-বিধির শেষে নিম্নোক্ত বাক্যটি সংযোজিত হইবে ঃ

"তবে মাঠ পর্যায়ের চাহিদাসহ অন্য কোন সুনির্দিষ্ট এবং যৌক্তিক কারণে জনস্বার্থে সরকারের পূর্বানুমতিক্রমে তৃতীয় তফসিলে উল্লেখ নাই এমন বিষয়েরও পরীক্ষা গ্রহণ করা যাইবে।"

২২. বিধি ৮ -এর (২) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"(২) তৃতীয় তফসিলের প্রথম অংশে উল্লিখিত বিষয়সমূহ সকল প্রার্থীর জন্য আবশ্যিক বিষয় বলে গণ্য হইবে। আবশ্যিক বিষয়সমূহের পরীক্ষা নৈর্ব্যক্তিক বা রচনামূলক অথবা নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের সমন্বয়ে গ্রহণ করা যাইবে। নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে ভুল উত্তরের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিতমতে নম্বর কর্তনযোগ্য হইবে।"

২৩. বিধি ৮-এর (৩) উপ-বিধির ১ম লাইনের "তফসিলেল" শব্দ "তফসিলের" এবং "সহকারী মৌলভী" শব্দগুলি "জুনিয়র শিক্ষক" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

২৪. বিধি ৮-এর (৪) (ক) উপ-বিধির ১ম লাইন "কলেজ" শব্দটির পর, "উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিকোত্তর/উচ্চ মাধ্যমিক কারিগরি/ভোকেশনাল/ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষাপ্রতিষ্ঠান" শব্দসমূহ সংযোজিত হইবে।

২৫. বিধি ৮-এর (৪)(খ) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"মাধ্যমিক বা নিম্নমাধ্যমিক বিদ্যালয়, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদরাসা, ভোকেশনাল/কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (আ)-তে উল্লিখিত বিষয়সমূহের মধ্য হইতে স্নাতক স্তরে তাহার পাঠ্যসূচীভুক্ত ছিল, পদ সংশ্লিষ্ট এমন একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উল্লেখ করিবেন;"

২৬. বিধি ৮-এর (৪)(গ) উপ-বিধিটি বিলুপ্ত হইবে।

২৭. বিধি ৮-এর (৫) উপ-বিধির ১ম লাইনের "সরকারের পূর্বানুমোদনক্রমে, সকল" শব্দগুলির পরে "প্রকারের" শব্দটির স্থলে "প্রকার" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

২৮. বিধি ৮-এর (৫) উপ-বিধির পর নিম্নরূপ (৬) উপবিধি সংযোজিত হইবে ঃ

"(৬) কর্তৃপক্ষ, পরীক্ষার্থীদের সুবিধার্থে পরীক্ষার সিলেবাস ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি সরবরাহের (ম্যানুয়েল/অনলাইন) ব্যবস্থা গ্রহণ করিবে।"

২৯. বিধি ৯-এর (১) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"উত্তরদানের সাধারণ ভাষা হইবে বাংলা, তবে বিষয়-ভিত্তিক প্রয়োজনে কোন প্রার্থীর আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ ইংরেজি ভাষায় পরীক্ষা দেওয়ার অনুমতি দিতে পারিবে।"

৩০. বিধি ৯-এর (১) উপ-বিধির পর নিম্নরূপ "(১)(ক)" উপ-বিধি সংযোজিত হইবে ঃ

"(১)(ক) প্রতিবন্ধী কোন প্রার্থী নিজে লিখিতে অপারগ হইলে তাহার আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ প্রযোজ্যমতে তাহাকে স্ক্রাইব (Scribe) এর সহযোগিতায় পরীক্ষা দেওয়ার অনুমতি দিতে পারিবে।"

৩১. বিধি ৯-এর (৩) উপ-বিধির ২য় লাইনের, "এবং এই ফলাফল বাংলাদেশ গেজেটেও প্রকাশ করিতে হইবে।" শব্দগুলি বিলুপ্ত হইবে এবং "প্রকাশিত ফলাফল এনটিআরসিএ স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে।" শব্দগুলি সংযোজিত হইবে।

৩২. বিধি ৯-এর (৫) উপবিধির ১ম লাইনে "সর্বোচ্চ দুই (২) বৎসর" শব্দগুলি "অনুর্ধ ৬(ছয়) মাস" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৩৩. বিধি ১০-এর (২) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"উপ-বিধি (১) অনুযায়ী প্রত্যয়নপত্র প্রদানের জন্য প্রার্থীকে কোন ফি প্রদান করিতে হইবে না।"

৩৪. বিধি ১০-এর (৩) উপ-বিধিতে "চেয়ারম্যান ও সচিব" বাক্যাংশে 'সচিব' শব্দটির পরিবর্তে "সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩৫. বিধি ১০-এর (৩) উপ-বিধির পর নিম্নোক্ত (৪) উপ-বিধিটি সংযোজিত হইবে ঃ

"(৪) কোন প্রার্থীর প্রত্যয়নপত্র হারাইয়া/পুড়িয়া গেলে বা অন্য কোনভাবে বিনষ্ট হইলে নিকটস্থ থানায় আবেদনকারীর দায়েরকৃত জেনারেল ডায়েরি (জিডি')-র কপি ও ছবিসহ আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ নির্ধারিত ফি'র বিনিময়ে প্রার্থীর অনুকূলে ডুপ্লিকেট প্রত্যয়নপত্র সরবরাহ করিতে পারিবে।"

৩৬. বিধি ১২-এর (১) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"১২। **মিথ্যা তথ্য প্রদান ইত্যাদির দণ্ড।**—(১) যদি কোন প্রার্থী তাহার আবেদনপত্রে মিথ্যা তথ্য প্রদান করেন কিংবা কোন তথ্য গোপন করেন কিংবা তাহার শিক্ষাগত যোগ্যতা বা জাতীয়তা সনদ বা বয়স সম্পর্কিত সনদ বা অন্য কোন কাগজপত্র বা সনদের জাল কপি দাখিল করেন, তাহা হইলে তাহার পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী কোন পরীক্ষায়ও তাহাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না, অধিকন্তু তাহার বিরুদ্ধে ফৌজদারি কার্যক্রমও গ্রহণ করা যাইবে।"

৩৭. বিধি ১২-এর (২) উপ-বিধিটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

"(২) কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র প্রদানের পর কোন প্রার্থী সম্পর্কে উপ-বিধি (১) এর অধীন ভিন্নরূপ কোন তথ্য বা অভিযোগ পাওয়া গেলে যথাযথ তদন্তসাপেক্ষে তাহার নিবন্ধন বাতিল করিয়া প্রত্যয়নপত্র প্রত্যাহার করা হইবে এবং তিনি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাইয়া থাকিলে উক্ত নিয়োগ বাতিল হইয়া যাইবে, নিয়োগলাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হইবে এবং তাহার বিরুদ্ধে ফৌজদারি কার্যক্রমও গ্রহণ করা যাইবে। কোন ব্যক্তি কর্তৃপক্ষের নামে জাল প্রত্যয়নপত্র সৃষ্টি করিলে এবং উহা ব্যবহার করিয়া কোন শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত হইলে তাহার বিরুদ্ধেও একইরূপ কার্যব্যবস্থা গ্রহণ করা যাইবে।"

৩৮. বিধিমালার প্রথম তফসিল নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

**প্রথম তফসিল**
**(বিধি-৫ ও ১০ দ্রষ্টব্য)**
**[ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ]**

| ক্রমিক নং | বিষয় | ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| ১. | পরীক্ষায় অংশগ্রহণ ও অন্যান্য বাবদ মোট ফি-র পরিমাণ* | ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ টাকা) |

"*১. তবে কর্তৃপক্ষ সময় সময় সরকারের পূর্বানুমতিক্রমে ফিস-এর হার যুক্তিসঙ্গতভাবে হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

২. ইতঃপূর্বে অনুষ্ঠিত পরীক্ষার ক্ষেত্রে ফিস-এর এই হার প্রযোজ্য হইবে না।"

৩৯. দ্বিতীয় তফসিল নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

**দ্বিতীয় তফসিল**
**(বিধি-৫ দ্রষ্টব্য)**
**[ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ]**

| (ক) কলেজ, আইন মহাবিদ্যালয়, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা ঃ | | |
|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
| ১। | প্রভাষক (বিষয়-ভিত্তিক) তৃতীয় তফসিলের '(খ) দ্বিতীয় অংশ-ঐচ্ছিক বিষয়সমূহ' | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ২। | প্রভাষক (আরবি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে ২য় শ্রেণীর কামিল ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আরবি/ইসলামিক স্টাডিজ-এ ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৩। | প্রভাষক (কম্পিউটার) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি অথবা ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারি পলিটেকটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের যে কোন ১টি হতে কম্পিউটার বিষয়ে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ থাকিতে হইবে। |
| ৪। | প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৫। | প্রদর্শক | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৬। | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ বিপিএড প্রশিক্ষণপ্রাপ্ত, অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| (খ) নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল ও তদূর্ধ্ব পর্যায়ের মাদরাসাঃ | | |
|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
| ১। | সহকারী শিক্ষক (বাংলা) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি এবং বিএড; অথবা (২) স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ২। | সহকারী শিক্ষক (ইংরেজী) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজীসহ স্নাতক ডিগ্রি ও বিএড; অথবা (২) স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজীসহ স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৩। | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ বিএড; অথবা (২) সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৪। | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ বিজ্ঞান) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি এবং বিএড; অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৫। | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বিএড; অথবা (২) বিজ্ঞান বিভাগে স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৬। | সহকারী শিক্ষক (কৃষি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নিচের যে কোন একটি ডিগ্রি থাকিতে হইবে; ১. বিএসসি (কৃষি) ২. বিএসসি (কৃষি অর্থনীতি) ৩. বিএসসি (মৎস্য) ৪. বিএসসি (পশুপালন) ৫. বিএসসি (কৃষি প্রকৌশল) ৬. ডিভিএম ৭. বিএসসি (বায়োলজি) ৮. বিএসসি উদ্ভিদ বিজ্ঞান/প্রাণিবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান ৯. কৃষি ডিপ্লোমা ৩/৪ বৎসর মেয়াদি (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ৭। | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতকসহ বিএড; অথবা (২) ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৮। | সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৯। | সহকারী শিক্ষক (কম্পিউটার) | কম্পিউটার বিজ্ঞানে স্নাতক অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রিসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ৬ (ছয়) মাসের প্রশিক্ষণপ্রাপ্ত। [ নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের যে কোন ১টি হইতে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।] (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ১০। | সহকারী শিক্ষক (বেসিক ট্রেড) | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ১১। | সহকারী শিক্ষক (ধর্ম) | **ইসলাম ধর্ম ঃ**<br>(১) কামিল/সমমান ডিগ্রি; অথবা (২) ফাজিল ডিগ্রি।<br>**হিন্দু ধর্ম ঃ**<br>(১) সংশ্লিষ্ট বিষয়/সংস্কৃতসহ স্নাতক ডিগ্রি।<br>**বৌদ্ধ ধর্ম ঃ**<br>(১) সংশ্লিষ্ট বিষয়/পালিসহ স্নাতক ডিগ্রি।<br>**খ্রিস্ট ধর্ম ঃ**<br>(১) সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>(সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ১২। | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ বিপিএড প্রশিক্ষণপ্রাপ্ত; অথবা স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণপ্রাপ্ত। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ১৩। | সহকারী মৌলবি | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে ফাজিল। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ১৪। | ইবতেদায়ী প্রধান | ফাজিল ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ১৫। | জুনিয়র মৌলবি | আলিম ডিগ্রি। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ১৫। (ক) | জুনিয়র শিক্ষক (সাধারণ) | উচ্চ মাধ্যমিক/সমমান। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ১৬। | ইবতেদায়ী ক্বারী | ২য় বিভাগে দাখিল মুজাব্বিদ উত্তীর্ণ। |

(গ) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ঃ

(অ) বেসরকারি পলিটেকনিক/টেক্সটাইল/কৃষি ইনস্টিটিউট/উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ঃ

| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | ইন্সট্রাক্টর (টেক) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি (ইঞ্জিঃ) টেক/টেক এড/সমমান। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ১ম বিভাগে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ভোকেশনাল এডুকেশন/সমমান। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ২। | ইন্সট্রাক্টর (নন-টেক) ভাষা/বিজ্ঞান ও গণিত/ব্যবস্থাপনা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৩। | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | সংশ্লিষ্ট টেকনোলজিতে ১ম বিভাগে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ভোকেশনাল এডুকেশন/সমমান। ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন থাকলে অগ্রাধিকার পাইবে। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ৪। | জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক) ভাষা/বিজ্ঞান ও গণিত/ব্যবস্থাপনা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৫। | কম্পিউটার ডেমোনস্ট্রেটর | কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং অথবা বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতক ডিগ্রিসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

(আ) উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট ঃ

| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্সে ২য় শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং সমমান; অথবা কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ ১ম বিভাগ। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ২। | প্রভাষক (সাচিবিক বিদ্যা) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে (বাণিজ্যিক/পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি) বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর; অথবা সংশ্লিষ্ট (বাণিজ্যিক/পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি) বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর। তবে সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে বাণিজ্যিক ডিপ্লোমা বা সেক্রেটারিয়াল সায়েন্সে কমপক্ষে ৬(ছয়) মাসের প্রশিক্ষণ সার্টিফিকেট থাকিতে হইবে। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৩। | প্রভাষক (হিসাবরক্ষণ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৪। | প্রভাষক (ব্যাংকিং) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাংকিং/ফিন্যান্স বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি। (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ৫। | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা ব্যবস্থাপনা বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি। (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৬। | প্রভাষক (মার্কেটিং এন্ড সেলসম্যানশীপ) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি বা বিবিএ ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে); অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং বিষয়ে ৪ বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর সম্মান বা বিবিএ ডিগ্রি থাকিতে হইবে। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৭। | প্রভাষক (ওয়্যার হাউস এন্ড স্টোর কিপার) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং/ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং/ব্যবস্থাপনা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে); অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মার্কেটিং/ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মান বা বিবিএ বা এমবিএ ডিগ্রি । (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৮। | প্রভাষক (বাংলা) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ৯। | প্রভাষক (ইংরেজী) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ১০। | প্রভাষক (ব্যবস্থাপনা) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

**(ই) মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট ঃ**

| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | ট্রেড ইনস্ট্রাক্টর | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল এডুকেশন/ভোকেশনাল এডুকেশন/ সমমান। (ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন/ ভোকেশনাল এডুকেশন থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে)। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| ২। | সহকারী শিক্ষক (ক) ভাষা (বাংলা/ইংরেজি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে (বাংলা/ ইংরেজিসহ) স্নাতক এবং বিএড; অথবা সংশ্লিষ্ট বিষয়ে (বাংলা/ইংরেজিসহ) স্নাতক ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| | (খ) গণিত | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে (গণিতসহ) স্নাতক এবং বিএড; অথবা সংশ্লিষ্ট বিষয়ে (গণিতসহ) স্নাতক ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| | (গ) বিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ ও রসায়ন বিষয়সহ স্নাতক এবং বিএড; অথবা পদার্থ ও রসায়ন বিষয়সহ স্নাতক ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

**(ঈ) দাখিল কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট ঃ**

| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | ট্রেড ইনস্ট্রাক্টর | সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা সমমান। (ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন/ভোকেশনাল এডুকেশনধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে)। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

| | | |
|---|---|---|
| ২। | সহকারী শিক্ষক<br>ক) ভাষা<br>(বাংলা/ইংরেজি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে (বাংলা/ইংরেজিসহ) স্নাতক এবং বিএড; অথবা সংশ্লিষ্ট বিষয়ে (বাংলা/ইংরেজিসহ) স্নাতকোত্তর ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| | খ) গণিত | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ স্নাতক এবং বিএড; অথবা গণিতসহ স্নাতকা ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |
| | গ) বিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ ও রসায়ন বিষয়সহ স্নাতক এবং বিএড; অথবা পদার্থ ও রসায়ন বিষয়সহ স্নাতকোত্তর ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে)। |

৪০. তৃতীয় তফসিল নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

তৃতীয় তফসিল
[বিধি ৮ দ্রষ্টব্য]
[ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬]
পরীক্ষার বিষয়সমূহ
(ক) প্রথম অংশ-আবশ্যিক বিষয়সমূহ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয়সমূহ |
|---|---|
| ১. | বাংলা |
| ২. | ইংরেজি |
| ৩. | সাধারণ গণিত |
| ৪. | সাধারণ জ্ঞান |

(খ) দ্বিতীয় অংশ-ঐচ্ছিক বিষয়সমূহ

(অ) কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিকোত্তর/উচ্চ মাধ্যমিক কারিগরি/ভোকেশনাল/ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রতিষ্ঠান এবং আলিম ও তদূর্ধ্ব পর্যায়ের মাদরাসা ঃ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয়সমূহ |
|---|---|
| ১. | বাংলা |
| ২. | ইংরেজি |
| ৩. | অর্থনীতি |
| ৪. | রাষ্ট্রবিজ্ঞান |
| ৫. | ইতিহাস |
| ৬. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ৭. | দর্শন |

| | |
|---|---|
| ৮. | সমাজবিজ্ঞান |
| ৯. | সমাজকল্যাণ/সমাজকর্ম |
| ১০. | মনোবিজ্ঞান |
| ১১. | গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান |
| ১২. | পদার্থবিজ্ঞান |
| ১৩. | রসায়ন |
| ১৪. | গণিত |
| ১৫. | প্রাণিবিদ্যা |
| ১৬. | উদ্ভিদ বিজ্ঞান |
| ১৭. | কম্পিউটার বিজ্ঞান |
| ১৮. | ভূগোল ও পরিবেশ বিজ্ঞান |
| ১৯. | পরিসংখ্যান |
| ২০. | মৃত্তিকা বিজ্ঞান |
| ২১. | কৃষি |
| ২২. | গার্হস্থ্য অর্থনীতি |
| ২৩. | ব্যবস্থাপনা |
| ২৪. | হিসাববিজ্ঞান |
| ২৫. | মার্কেটিং |
| ২৬. | ফিন্যান্স |
| ২৭. | আরবি |
| ২৮. | সংস্কৃত |
| ২৯. | পালি |
| ৩০. | ইসলাম শিক্ষা |
| ৩১. | আদব |
| ৩২. | তফসির |
| ৩৩. | হাদিস |
| ৩৪. | ফিকহ |
| ৩৫. | শারীরিক শিক্ষা ও ক্রীড়া |
| ৩৬. | ফৌজদারি আইন |
| ৩৭. | দেওয়ানি আইন |
| ৩৮. | উচ্চাঙ্গ সঙ্গীত |
| ৩৯. | রবীন্দ্র সঙ্গীত |
| ৪০. | নজরুল সঙ্গীত |
| ৪১. | লোক সঙ্গীত |

(অ) নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/দাখিল ও তদূর্ধ্ব পর্যায়ের মাদরাসা ঃ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয়সমূহ |
|---|---|
| ১. | বাংলা |
| ২. | ইংরেজি |
| ৩. | অর্থনীতি |
| ৪. | রাষ্ট্রবিজ্ঞান |
| ৫. | ইতিহাস |
| ৬. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ৭. | সমাজবিজ্ঞান |
| ৮. | সমাজকল্যাণ/সমাজকর্ম |
| ৯. | ইসলামশিক্ষা |
| ১০. | পালি |
| ১১. | খ্রিস্টধর্ম |
| ১২. | সংস্কৃত |
| ১৩. | পদার্থবিজ্ঞান |
| ১৪. | রসায়ন |
| ১৫. | গণিত |
| ১৬. | প্রাণিবিদ্যা |
| ১৭. | উদ্ভিদ বিজ্ঞান |
| ১৮. | ভূগোল ও পরিবেশ বিজ্ঞান |
| ১৯. | কম্পিউটার শিক্ষা |
| ২০. | কৃষিশিক্ষা |
| ২১. | গার্হস্থ্য অর্থনীতি |
| ২২. | শারীরিক শিক্ষা ও ক্রীড়া |
| ২৩. | ব্যবসায় শিক্ষা |
| ২৪. | বেসিক ট্রেড |
| ২৫. | কুরআন ও তাজবিদ |
| ২৬. | ফিকাহ ও আরবি ভাষা |
| ২৭. | মনোবিজ্ঞান |
| ২৮. | নৃ-বিজ্ঞান |
| ২৯. | সংগীত ও নাট্যকলা |
| ৩০. | শিক্ষা |
| ৩১. | পরিসংখ্যান |

(ই) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ঃ

(১) মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট ঃ

| ক্রমিক নং | ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজির নাম | পরীক্ষার বিষয় |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | এগ্রোবেজড ফুড | এগ্রিকালচার টেকনোলজি |
| ২. | অডিও ভিডিও সিস্টেম | ইলেকট্রনিক্স টেকনোলজি |
| ৩. | অটোমোটিভ | অটোমোবাইল/পাওয়ার টেকনোলজি |
| ৪. | বিল্ডিং মেইনটেন্যান্স | সিভিল টেকনোলজি |
| ৫. | উড ওয়ার্কিং | উড/সিভিল টেকনোলজি |
| ৬. | সিরামিক | সিরামিক টেকনোলজি |
| ৭. | সিভিল কন্সট্রাকশন | সিভিল টেকনোলজি |
| ৮. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | কম্পিউটার টেকনোলজি |
| ৯. | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | সিভিল টেকনোলজি |
| ১০. | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড | মেকানিক্যাল টেকনোলজি |
| ১১. | ড্রেস মেকিং এন্ড টেইলারিং | টেক্সটাইল টেকনোলজি |
| ১২. | ডাইং, প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং | টেক্সটাইল টেকনোলজি |
| ১৩. | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস | ইলেকট্রিক্যাল টেকনোলজি |
| ১৪. | ফার্ম মেশিনারি | পাওয়ার টেকনোলজি |
| ১৫. | ফিস কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ১৬. | ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন | এগ্রিকালচার টেকনোলজি/কেমিক্যাল/ফুড |
| ১৭. | জেনারেল মেকানিক্স | মেকানিক্যাল টেকনোলজি |
| ১৮. | লাইভস্টক এন্ড রিয়ারিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ১৯. | মেশিন টুলস অপারেশন | মেকানিক্যাল টেকনোলজি |
| ২০. | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ২১. | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিংস | সিভিল টেকনোলজি |
| ২২. | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং | পাওয়ার টেকনোলজি |
| ২৩. | ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন | এগ্রিকালচার টেকনোলজি |
| ২৪. | উইভিং | টেক্সটাইল টেকনোলজি |
| ২৫. | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন | মেকানিক্যাল টেকনোলজি |
| ২৬. | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড | আর্কিটেকচার/সিভিল টেকনোলজি |
| ২৭. | স্রিম্প কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ২৮. | পেশেন্ট কেয়ার টেকনিক | হেলথ টেকনোলজি |
| ২৯. | ফাউন্ড্রি ওয়ার্কস | মেকানিক্যাল টেকনোলজি |
| ৩০. | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | ইলেকট্রিক্যাল টেকনোলজি |
| ৩১. | গ্লাস | গ্লাস সিভিল টেকনোলজি |
| ৩২. | জেনারেল ইলেকট্রনিক্স | ইলেকট্রিক্যাল টেকনোলজি |
| ৩৩. | নিটিং | টেক্সটাইল টেকনোলজি |

(২) উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট ঃ

| ক্রমিক নং | ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজির নাম | পরীক্ষার বিষয় |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স | ইলেকট্রিক্যাল টেকনোলজি |
| ২. | ফিশ কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ৩. | ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন | মেকানিক্যাল টেকনোলজি |
| ৪. | উড এন্ড ডিজাইন | উড/সিভিল টেকনোলজি |
| ৫. | ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিশিং | টেক্সটাইল টেকনোলজি |
| ৬. | এগ্রোমেশিনারি | পাওয়ার টেকনোলজি |
| ৭. | অটোমোবাইল | অটোমোবাইল/পাওয়ার টেকনোলজি (অটোমোবাইল বিষয়সহ) |
| ৮. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি/রেফ্রিজারেশন বিষয়সহ) |
| ৯. | কম্পিউটার অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স | কম্পিউটার টেকনোলজি |
| ১০. | ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন | ইলেকট্রনিক টেকনোলজি/ টেলিকমিউনিকেশন |
| ১১. | মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স | মেকানিক্যাল টেকনোলজি |
| ১২. | বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স | সিভিল টেকনোলজি |
| ১৩. | ড্রাফটিং এন্ড সিভিল | সিভিল টেকনোলজি |
| ১৪. | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | এগ্রিকালচার টেকনোলজি |

(৩) উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা ইন্সটিটিউট ঃ

| ক্রমিক নং | ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজির নাম | পরীক্ষার বিষয় |
|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেশন | কম্পিউটার টেকনোলজি |
| ২. | সেক্রেটারিয়্যাল সায়েন্স | ব্যবস্থাপনা |
| ৩. | উদ্যোক্তা উন্নয়ন | ব্যবস্থাপনা |
| ৪. | হিসাবরক্ষণ | হিসাব বিজ্ঞান |
| ৫. | ব্যাংকিং | ফিন্যান্স/ব্যাংকিং |

| (৪) | কারিগরি ডিপ্লোমা ইন্সটিটিউট ঃ | |
|---|---|---|
| ক্রমিক নং | ট্রেড/স্পেশালাইজেশন/ টেকনোলজির নাম | পরীক্ষার বিষয় |
| ১. | সিভিল | সিভিল টেকনোলজি/সিভিল ইঞ্জিনিয়ারিং/কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিং |
| ২. | সার্ভেয়িং | সার্ভেয়িং টেকনোলজি/সিভিল টেকনোলজি/সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ৩. | মেকানিক্যাল | মেকানিক্যাল টেকনোলজি/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং |
| ৪. | পাওয়ার | পাওয়ার টেকনোলজি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৫. | কেমিক্যাল | কেমিক্যাল টেকনোলজি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৬. | ফুড | ফুড টেকনোলজি/কেমিক্যাল টেকনোলজি/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৭. | অটোমোবাইল | অটোমোবাইল টেকনোলজি/ পাওয়ার টেকনোলজি/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৮. | ইলেকট্রিক্যাল | ইলেকট্রিক্যাল টেকনোলজি/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ৯. | কম্পিউটার | কম্পিউটার টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং |
| ১০. | আর্কিটেকচার | আর্কিটেকচার টেকনোলজি/আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন টেকনোলজি/আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ১১. | ইলেকট্রনিক্স | ইলেকট্রনিক্স টেকনোলজি/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ১২. | টেক্সটাইল | টেক্সটাইল টেকনোলজি/ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং |
| ১৩. | সিরামিক | সিরামিক টেকনোলজি/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ১৪. | গ্লাস | গ্লাস টেকনোলজি/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ১৫. | প্রিন্টিং | প্রিন্টিং টেকনোলজি/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ১৬. | গ্রাফিক ডিজাইন | গ্রাফিক টেকনোলজি/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |

| | | |
|---|---|---|
| ১৭. | মেরিন | মেরিন টেকনোলজি/নেভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ১৮. | শিপ বিল্ডিং | শিপ বিল্ডিং টেকনোলজি/নেভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ১৯. | এগ্রিকালচার | এগ্রিকালচার টেকনোলজি/এগ্রি ইঞ্জিনিয়ারিং |
| ২০. | কন্সট্রাকশন | কন্সট্রাকশন টেকনোলজি/সিভিল টেকনোলজি/ সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ২১. | ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল | ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল টেকনোলজি/ প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ২২. | মেকাট্রনিক্স | মেকাট্রনিক্স টেকনোলজি/প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ২৩. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন টেকনোলজি/পাওয়ার টেকনোলজি (রেফ্রিজারেশন বিষয়সহ)/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ২৪. | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং |
| ২৫. | আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন | আর্কিটেকচার টেকনোলজি/ আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র টেকনোলজি/আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ২৬. | ইলেকট্রোমেডিক্যাল | ইলেকট্রোমেডিক্যাল টেকনোলজি/ইলেকট্রনিক্স |
| ২৭. | এনভায়রনমেন্টাল | এনভায়রনমেন্টাল টেকনোলজি/এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং |
| ২৮. | গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং | গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজি/টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং |
| ২৯. | মাইনিং এন্ড মাইন সার্ভে | মাইনিং এন্ড মাইন সার্ভে টেকনোলজি/ইঞ্জিনিয়ারিং |
| ৩০. | টেলিকমিউনিকেশন | টেলিকমিউনিকেশন টেকনোলজি/ইলেকট্রনিক্স টেকনোলজি/ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ৩১. | ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং | ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ ইলেকট্রনিক্স টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ |
| ৩২. | সিভিল (উড) | সিভিল (উড) টেকনোলজি/সিভিল টেকনোলজি |

চতুর্থ তফসিল নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে ঃ

**চতুর্থ তফসিল**
**[ বিধি ৫, ৬ ও ১০ দ্রষ্টব্য ]**
**[বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা-২০০৬]**
**ফরম-১**

ক্রমিক নং

Non-Government Teachers' Registration & Certification Authority
Ministry of Education, NAEM Bhaban (5th Floor), Dhanmondi, Dhaka-1205
Fax: 02-8650883, URL: www.ntrca.gov.bd. Email: ntrca2005@yahoo.com

............Teachers' Registration Exam.....

Candedate's Information Form (CIF)

Serial Number: ☐ Invoice :

Exam Centre: Home District :

Post Name

Compulsory Subjects Bangla, English, Mathematics & General Knowledge

Optional Subject

Applicant's Name

Father's Name

Mather's Name

Date of Birth Sex

Religion Nationality

National ID E-Mail

Contact Mobile

| Present Address | Permanent Address |
|---|---|
| Care of | Care of |
| Village/ | Village/ |
| House & Road No | House & Road No |
| District | District |
| P.S/Upazila | P.S/Upazila |
| Post Office | Post Office |
| Post Code | Post Code |

Qualifications:

| Examination | Board/ University | Roll | Result | Group/ Subject | Year | Duration |
|---|---|---|---|---|---|---|

Signature

ফরম-২

# NON-GOVERNMENT TEACHERS' REGISTRATION AND CERTIFICATION AUTHORITY (NTRCA)

## Register of Eligible Candidates

---------------------------- or Equivalent Level

| | |
|---|---|
| | **Teachers' Registration Examination** |
| **No.** | |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| **Year** | | | |

| Sl. No. | Roll No. | Invoice No. | Name | Father's Name | Mather's Name | Date of Birth | Permanent Address | Present Address | Mobile No. | Last Educational Qualification | Optional Subject | Bar Code |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

ফরম-৩

# NON-GOVERNMENT TEACHERS' REGISTRATION AND CERTIFICATION AUTHORITY (NTRCA)

## Register of Qualified Candidates

------------------------- or Equivalent Level

| No. | Teachers' Registration Examination | Year |
|---|---|---|

| Picture | Reg. No. | | Name | | Date of Birth | | Permanent Address | Present Address | Educational Qualification | | | Optional Subject | Bar Code |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Roll No. | | Father's Name | | Gender | | | | | | | | |
| | Invoice No. | | Mather's Name | | Religion | | | | B Ed | Yes | No | | |

ফরম-৪

# Non-Government Teachers' Registration & Certification Authority (NTRCA)

Ministry of Education, Bangladesh, Dhaka.

Serial No.

Reg. No

Photo

........ Teachers' Registration Examination ........

## Certificate

This is to certify that Mr./Ms. ........................ Son/Daughter of ........................ ........ Date of birth ................ Village/Ward ............... Post office ................ Upazila/Thana ........ District ............ bearing Roll No ........... has passed the Teachers' Registration Examination held in 2011. He/She is eligible to be appointed as ........................ of ........ at any ........................ in Bangladesh.

Result published on:
Dhaka, ..........

| Subject Name | Full Marks | Marks Obtained | Percentage |
|---|---|---|---|
| Compulsory | 100 | | |
| Optional | 100 | | |

Member
Examination Evaluation
& Assessment

Chairman

Note: The certificate will remain valid for five years following the publication date of results.

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd